

প্রেস বিজ্ঞপ্তি

নোবিপ্রবি ও ঢাবি উপাচার্যের সৌজন্য সাক্ষাত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল আজ শনিবার (১৪ সেপ্টেম্বর ২০২৪) সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খানের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেন। ঢাবি উপাচার্যের বাসভবনে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এ সময় তারা ফুলেল শুভেচ্ছা বিনিময় করেন।

সাক্ষাতকালে তারা নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণার মান বৃদ্ধিতে যৌথ সহযোগিতামূলক উদ্যোগ নিয়ে মতবিনিময় করেন। এছাড়াও উভয় বিশ্ববিদ্যালয়ের যৌথ প্রয়াসে সভা, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা ও সম্মেলন আয়োজনের বিষয়ে ফলপ্রসূ আলোচনা হয়।

এসময় নোবিপ্রবি উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্যকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিদর্শনের আমন্ত্রণ জানান। ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্য সৌজন্য সাক্ষাতে মিলিত হওয়ায় নোবিপ্রবি উপাচার্যকে ধন্যবাদ জানান।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪